

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার  
(আইসিটি শাখা)

[www.coxsazar.gov.bd](http://www.coxsazar.gov.bd)



শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের নৈতিকতা কমিটির সভার  
কার্যবিবরণী :

সভাপতি	:	মোঃ মামুনুর রশীদ জেলা প্রশাসক, কক্সবাজার
সভার তারিখ	:	৩০.০৬.২০২২
সভার সময়	:	বিকাল ৫.০০টা
সভার স্থান	:	শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, কক্সবাজার
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সরকারি কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আলোকপাত করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জনাব বিভীষণ কান্তি দাশ ২০২১-২০২২ অর্থবছরের এ কার্যালয়ে প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল শাখা হতে প্রাপ্ত প্রতিবেদন সমূহ সভায় উপস্থাপন করেন। তৎপ্রেক্ষিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	২০২১-২০২২ অর্থবছরে এ কার্যালয়ের জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি খসড়া প্রতিবেদন যাচাই বাছাই করা হয়।	২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদন দেয়া হয় এবং তা বিভাগীয় কমিশনার কার্যালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কক্সবাজার
০২	সভাপতি ২০২২-২৩ অর্থ বছরে এ কার্যালয়ের জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

মোঃ মামুনুর রশীদ  
জেলা প্রশাসক  
কক্সবাজার  
ফোন নং ২৩৩৪৪৬৬২২০০  
ফ্যাক্স-০২৩৩৪৪৬৬২২০৬

ই-মেইল- [dccoxsazar@mopa.gov.bd](mailto:dccoxsazar@mopa.gov.bd)